

বাংলা ভাষায় এমন কতকগুলো শব্দ আছে যেগুলোর বিপরীতার্থক শব্দও বর্তমান। সম্পূর্ণ বিপরীতধর্মী মনোভাব প্রকাশের জন্য এ ধরনের শব্দের ব্যবহার হয়ে থাকে। ভাষায় সৌন্দর্য সৃষ্টি এবং ভাব প্রকাশের ব্যাপকতার জন্য এ ধরনের শব্দের সঙ্গে পরিচয় থাকা প্রয়োজন।

বিপরীতার্থক শব্দ গঠনের কিছু উপায় আছে। কখনও কখনও সম্পূর্ণ বিপরীত শব্দযোগে এবং কখনও কখনও উপসর্গ-যোগে এ ধরনের শব্দ গঠিত হয়ে থাকে। নিচে বিপরীতার্থক শব্দের কিছু নমুনা দেওয়া হল।

মূল	বিপরীত	মূল	বিপরীত
অম্ল	মধুর	অনুগ্রহ	নিগ্রহ
অগ্র	পশ্চাৎ	অন্ত্য	আদ্য
অধিক	অল্প	অর্পণ	গ্রহণ
অনন্ত	সান্ত	অপচয়	সঞ্চয়
অন্তর	বাহির	অমর	মর
অনুরাগ	বিরাগ	আদি	অন্ত
অনুকূল	প্রতিকূল	আলোক	অন্ধকার
অন্তরঙ্গ	বহিরঙ্গ	আদান	প্রদান
অলীক	সত্য, বাস্তব	আশা	নিরাশা
অনুজ	অগ্রজ	আসা	যাওয়া
অতিকায়	ক্ষুদ্রকায়	আকাশ	পাতাল
অনুরক্ত	বিরক্ত	আয়	ব্যয়
অভ্যাস	অনভ্যাস	আবির্ভাব	তিরোভাব
অশন	অনশন	আহার	অনাহার
অণু	বৃহৎ	আচার	অনাচার
অঙ্ক	বিজ্ঞ	আস্তিক	নাস্তিক
অল্প	বিস্তর	আদর	অনাদর
অপরাধ	নিরপরাধ	আগমন	নির্গমন
আরম্ভ	সমাপ্ত	কৃতজ্ঞ	অকৃতজ্ঞ
আকর্ষণ	বিকর্ষণ	কুটিল	সরল
আলস্য	শ্রম	কুৎসিত	সুন্দর
আর্দ্র	শুষ্ক	কোমল	কঠিন
আসল	নকল	কুৎসা	প্রশংসা
আস্থা	অনাস্থা	কৃত্রিম	অকৃত্রিম, মৌলিক

মূল
ইতর
ইহকাল
ইচ্ছা
ইষ্ট
ঈষৎ
উপস্থিত
ঊগ্র
উথান
উপকার
উপকর্ষ
উন্নতি
উজ্জ্বল
উঠতি
উত্তম
উদয়
উষা
উর্ধ্ব
ঋজু
এপার
একাল
ঐহিক
কু
কনিষ্ঠ
জীবন
জয়
জ্বলন্ত
জঙ্গম
জোয়ার
ঠকা
ত্যাগ
তিক্ত
তরল
তরুণ
তাপ
তিমির
তিরস্কার
থামা
দীর্ঘ

বিপরীত
ভদ্র
পরকাল
অনিচ্ছা
অনিষ্ট
অধিক
অনুপস্থিত
মৃদু
পতন
অপকার
অপকর্ষ
অবনতি
ম্লান
পড়তি
অধম
অস্ত
সন্ধ্যা
অধঃ
বক্র
ওপার
সেকাল
পারত্রিক
সু
জ্যেষ্ঠ
মরণ
পরাজয়
নিভস্ত
স্থাবর
ভাঁটা
জেতা
গ্রহণ
মধুর
কঠিন
বৃদ্ধ
শৈত্য
আলোক
পুরস্কার
চলা
হ্রস্ব

মূল
ক্রম
ক্ষয়
ক্ষুদ্র
খোলা
খ্যাতি
গরিষ্ঠ
গোপন
গরল
গুরু
গ্রহণ
গুণ
গুপ্ত
গৃহী
গ্রাম্য
ঘন
ঘরে
চেতনা
চঞ্চল
চোর
চতুর
চড়াই
জন্ম
জ্ঞানী
ধনী
নতুন
নিরাকার
নিন্দা
নিরক্ষর
নম্র
নিদ্রা
নরম
নীরস
প্রসন্ন
প্রাচ্য
পূর্ব
পূর্ববর্তী
প্রশান্তি
পাপ

বিপরীত
বিক্রম
বৃদ্ধি
বৃহৎ
ঢাকা
অখ্যাতি
লঘিষ্ঠ
প্রকাশ
অমৃত
লঘু
বর্জন
দোষ
ব্যক্ত
সন্ন্যাসী
শহুরে
তরল
বাইরে
জড়
স্থির
সাধু
নির্বোধ
উৎরাই
মৃত্যু
মূর্খ
নির্ধন
পুরাতন
সাকার
স্মৃতি
সাক্ষর
উদ্ধত
জাগরণ
কঠিন
সরস
বিষণ্ন
প্রতীচ্য
পশ্চিম
পরবর্তী
নিন্দা
পুণ্য

মূল	বিপরীত	মূল	বিপরীত
দ্রুত	মহুর	মিথ্যা	সত্য
দক্ষিণ	উত্তর	যশ	অপযশ
দিন	রাত	যোগ	বিয়োগ
দৃশ্য	অদৃশ্য	রুগ্ন	সুস্থ
দাতা	গ্রহীতা	রোগী	নিরোগ
দূরন্ত	শান্ত	লাভ	ক্ষতি
দয়ালু	নির্দয়	লঘু	গুরু
দেনা	পাওনা	শ্রী	বিশ্রী
দুর্লভ	সুলভ	শিষ্ট	অশিষ্ট
দুষ্কৃতি	সুকৃতি	শিষ্য	গুরু
দ্যুলোক	ভুলোক	শ্রদ্ধা	ঘৃণা
দূর	নিকট	শীতল	উষ্ণ
প্রবীণ	নবীন	শীত	গ্রীষ্ম
পণ্ডিত	মূর্খ	সূক্ষ্ম	স্থূল
পুষ্ট	ক্ষীণ	সত্য	মিথ্যা
প্রভু	ভৃত্য	সমতল	অসমতল
পূর্ণিমা	অমাবস্যা	সরকারি	বেসরকারি
প্রত্যক্ষ	পরোক্ষ	সহিষ্ণু	অসহিষ্ণু
পরবর্তী	অগ্রবর্তী	সন্ধি	বিগ্রহ
প্রশ্ন	উত্তর	সার	অসার
পূর্ণ	শূন্য	সঙ্ঘা	প্রভাত
বিষ	অমৃত	সুধা	গরল
বন্ধু	শত্রু	সরস	নিরস
বন্ধন	মুক্তি	স্বর্গ	নরক
বিনীত	উদ্ধত	সুখ	দুঃখ
বাধ্য	অবাধ্য	সংক্ষেপ	বাহুল্য
বিস্তৃত	সংক্ষিপ্ত	সমাণ্ড	আরণ্ড
ব্যর্থ	সার্থক	সৃষ্ট	ধ্বংস
বিধি	নিষেধ	সুপ্ত	জাগ্রত
ভয়	সাহস	সুশ্রী	কুশ্রী
ভীর্ণ	সাহসী	সংকীর্ণ	প্রশস্ত
ভৃত	ভবিষ্যৎ	স্মৃতি	বিস্মৃতি
ভাঁটা	জোয়ার	সরল	বক্র
ভিতর	বাহির	সমষ্টি	ব্যষ্টি
মান	অপমান	সুলভ	দুর্লভ
মুখ্য	গৌণ	হাসি	কান্না
মহৎ	নীচ	হাল	সাবেক
মৃদু	তীক্ষ্ণ	হর্ষ	বিষাদ
মিলন	বিরহ	হ্রাস	বৃদ্ধি

বিপরীত শব্দের বাক্যে প্রয়োগ

পুণ্য-পাপ	:	‘পুণ্যে-পাপে, দুঃখে-সুখে, পতনে-উত্থানে, মানুষ হইতে দাও তোমার সন্তানে।’
দূর-নিকট	:	‘দূরকে করিলে নিকট বন্ধ পরকে করিলে ভাই।’
অধম-উত্তম	:	‘তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?’
উর্ধ্ব-নিম্ন	:	‘উর্ধ্ব গগনে বাজে মাদল, নিম্নে উতলা ধরণী তল।’
লাভ-ক্ষতি	:	জীবনে লাভের দিকটাই সবাই দেখে, অনেক সময় ক্ষতি স্বীকার করতে হয়।
ভিতর-বাহিরে	:	ফলের ভিতরটা রসে ভরা ; বাইরে দেখতে ছিল কাঁচা।
সন্ধি-বিগ্রহ	:	দুপক্ষের মধ্যে সন্ধি হল। যুদ্ধ-বিগ্রহ থেকে দূরে থাকা দরকার।

অনুশীলনী

১. বিপরীতার্থক শব্দ নির্দেশ করে উভয় শব্দের সাহায্যে বাক্য রচনা কর :
- দ্যালোক ; চেতনা ; ওস্তাদ ; ঐক্য ; ব্যয় ; গুরু ; অমৃত ; ফলস্ত ; লাভ ; বৃদ্ধি ; অর্পণ ; নাস্তিক ; মধুর ; সাধ ; রাত্রি ;
 প্রভু ; সত্য ; নিষ্ঠ ।